# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৩৭৩

১৫/ বিধি-বিধান ও বিচার (كتاب الأحكام عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ অনুপস্থিত লোকের পক্ষে শুফ'আ।

## باب مَا جَاءَ فِي الشُّفْعَةِ لِلْغَائِبِ

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا خَالِدُ بْنُ عَبْدِ اللَّهِ الْوَاسِطِيُّ، عَنْ عَبْدِ الْمَلِكِ بْنِ أَبِي سُلَيْمَانَ، عَنْ عَطَاءٍ، عَنْ جَابِرٍ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " الْجَارُ أَحَقُّ بِشُفْعَتِهِ يُنْتَظَرُ بِهِ وَإِنْ كَانَ غَائِبًا إِذَا كَانَ طَرِيقُهُمَا وَاحِدًا " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ وَلاَ نَعْلَمُ أَحَدًا رَوَى هَذَا الْحَدِيثَ غَيْرَ عَبْدِ الْمَلِكِ بْنِ أَبِي سُلَيْمَانَ عَنْ عَطَاءٍ عَنْ جَابِرٍ . وَقَدْ تَكَلَّمَ شُعْبَةُ فِي عَبْدِ الْمَلِكِ بْنِ أَبِي سُلَيْمَانَ مِنْ أَجْلِ هَذَا الْحَدِيثِ وَعَبْدُ الْمَلِكِ هُوَ ثِقَةٌ مَأْمُونٌ عِنْدَ أَهْلِ الْحَدِيثِ لاَ نَعْلَمُ أَحَدًا تَكَلَّمَ فِيهِ غَيْرَ شُعْبَةَ مِنْ أَجْلِ هَذَا الْحَدِيثِ . وَقَدْ رَوَى وَكِيعٌ عَنْ شُعْبَةَ عَنْ عَبْدِ الْمَلِكِ بْنِ أَبِي سُلَيْمَانَ هَذَا الْحَدِيثَ . وَرُوِيَ عَنِ ابْنِ الْمُبَارَكِ عَنْ سُفْيَانَ الثَّوْرِيِّ قَالَ عَبْدُ الْمَلِكِ بْنُ أَبِي سُلَيْمَانَ مِيزَانٌ . يَعْنِي فِي الْعِلْمِ . وَالْعَمَلُ عَلَى هَذَا الْحَدِيثِ عِنْدَ أَهْلِ الْعِلْمِ أَنَّ الرَّجُلَ أَحَقُّ بِشُفْعَتِهِ وَإِنْ كَانَ غَائِبًا فَإِذَا قَدِمَ فَلَهُ الشُّفْعَةُ وَإِنْ تَطَاوَلَ ذَلِكَ .

বাংলা

১৩৭৩. কুতায়বা (রহঃ) ....... জাবির রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, প্রতিবেশী হল শুফ’আর বিষয়ে অধিক হকদার। সে অনুপস্থিত থাকলেও তার জন্য অপেক্ষা করা হবে যদি উভয়ের পথ হয় এক। - ইবনু মাজাহ ২৪৯৪, তিরমিজী হাদিস নম্বরঃ ১৩৬৯ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, হাদীসটি গারীব। আবদুল মালিক ইবনু সুলায়মানের সূত্র ছাড়া আতা-জাবির রাদিয়াল্লাহু আনহু সূত্রে এটিকে আর কেউ বর্ণনা করেছেন বলে আমাদের জানা নাই। হাদীসবিদগণের মতে আবদুল মালিক একজন আস্থাভাজন এবং নিরাপদ রাবী। শু’বা এই রিওয়ায়াতের কারণে তার সমালোচনা করেছেন। তবে তিনি ছাড়া আর কেউ তার সমালোচনা করেছেন বলে আমাদের জানা নাই। ওয়াকী (রহঃ)ও

হাদীসটি শু’বা আবদুল মালিক ইবনু আবূ সুলায়মান (রহঃ) সূত্রে বর্ণণা করেছেন। ইবনু মুবারক সূত্রে সুফইয়ান ছাওরী (রহঃ) থেকে বর্ণিত আছে যে, তিনি বলেছেন, আবদুল মালিক ইবনু আবূ সুলায়মান ইলমে হাদীসের ক্ষেত্রে ন্যায়দন্ড বিশেষ। আলিমগণ এই হাদীস অনুসারে আমল করেছেন। যদি অনুপস্থিত থাকে তবুও এই ব্যক্তি শুফ’আর বিষয়ে অধিকতর হকদার। সে যখনই আসবে তখনই তার শুফ’আর এই অধিকার থাকবে-তা যত দীর্ঘই হোক না কেন।

## English

Narrated Jabir:
that the Messenger of Allah (ﷺ) said: "The neighbor has more right to his preemption. He is to be waited for even if he is absent, when their paths are the same."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=21791

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন